বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাস, গ্রেফতার অভিযুক্ত

নিজস্ব সংবাদদাতা, ক্যানিং : বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসের অভিযোগ উঠল এক কিশোরের বিরুদ্ধে।

অভিযুক্ত কিশোরকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনাটি দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং থানার মাঝের পাড়ার। শুক্রবার তাকে আলিপুর আদালতে তোলা হয়। যদিও অভিযোগ অস্বীকার করেছে অভিযুক্ত।

রেবা (কিশোরীর নাম পরিবর্তিত) ও প্রকাশের (কিশোরের নাম পরিবর্তিত) বাড়ি একই পাড়ায়। প্রতিবেশী হওয়ার কারণে দীর্ঘদিন ধরেই তারা একে অপরকে চিনত। ধীরে ধীরে তাদের মধ্যে সম্পর্ক তৈরি হয়। অভিযোগ, রেবাকে সহবাস করার কথা বলে প্রকাশ। তবে রেবা প্রথমে রাজি হয়নি। ঘটনাটি পরিবারের লোকেরা জেনে ফেললে যে সমস্যায় পড়তে পারে সে কথাও প্রকাশকে জানায়। কিন্তু, রেবার কোনও কথায় গুরুত্ব দেয়নি প্রকাশ। বিয়ের প্রতিশ্রুতি দিয়ে রেবার সঙ্গে সে সহবাস করে বলে অভিযোগ। এরপর ঘটনাটি দুই পরিবার জানতে পারে। অভিযোগ, ঘটনার কথা জানাজানি হওয়ার পরই রেবাকে বিয়ে করবে না বলে সাফ জানিয়ে দেয় প্রকাশ। এই ঘটনার প্রতিবাদ করতে গেলে রেবা ও তার পরিবারের সদস্যদের মারধর করা হয় বলেও অভিযোগ। এমনকী তাদের বাড়িতে ভাঙচুর চালানোর হুমকিও দেওয়া হয় প্রকাশের তরফে।

বৃহস্পতিবার রাতেই ক্যানিং থানায় যান রেবার পরিবারের লোকেরা। প্রকাশের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করা হয়। সেই অভিযোগের ভিত্তিতেই তাকে গ্রেফতার করেছে পুলিশ। যদিও অভিযোগ অস্বীকার করে প্রকাশের বক্তব্য, এই ঘটনার সঙ্গে সে জড়িত নয়। তাকে ফাঁসানো হচ্ছে।

কিশোরীকে যৌন নির্যাতনের অভিযোগ উঠল প্রতিবেশী যুবকের বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, বারুইপুর : রাস্তা থেকে জোড় করে তুলে নিয়ে গিয়ে এক কিশোরীকে যৌন নির্যাতনের অভিযোগ উঠল প্রতিবেশী যুবকের বিরুদ্ধে। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে বারুইপুর থানার সাউথ গড়িয়া এলাকায়। রাতেই নির্যাতিতা ওই কিশোরী বারুইপুর থানায় অভিযোগ দায়ের করলে অভিযুক্ত সুবজ কুর্মিকে গ্রেফতার করে পুলিশ। অসুস্থ হয়ে পড়ায় রাতে ওই কিশোরীকে বারুইপুর মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়।

বৃহস্পতিবার রাতে কিশোরী ও তার এক বান্ধবী প্রাইভেট টিউশন সেরে বাড়ি ফিরছিল। পথে অভিযুক্ত যুবক, তার মা ও দিদির পথ আটকে দাঁড়ায়। এরপর সঙ্গে থাকা বান্ধবীকে ঠেলে ফেলে দিয়ে কিশোরীকে জোর করে গাড়িতে তুলে বাড়ি নিয়ে যায়। কিশোরীর বাবা বলেন, 'বাড়িতে নিয়ে গিয়ে একটি ঘরে আমার মেয়েকে ঢুকিয়ে অত্যাচার চালায় অভিযুক্ত যুবক।কিশোরীকে যৌন নির্যাতনের অভিযোগ উঠল প্রতিবেশী যুবকের বিরুদ্ধে।

পঞ্চায়েত নির্বাচনে তৃণমূলকে জয়ী করার ডাক মন্টুরাম পাখিরার

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : আগামী পঞ্চায়েত নির্বাচনে মা-মাটি-মানুষের সরকারের হাত শক্ত করার অবস্থান জানালেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী মন্টুরাম পাখিরা।

পশ্চিমবঙ্গ তৃণমূল প্রাথমিক শিক্ষক সমিতির দক্ষিণচক্র সম্মেলনের উদ্বোধন করে উপস্থিত শিক্ষক-শিক্ষিকাদের তিন বলেন বাংলায় মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে সার্বিক উন্নয়ন হয়েছে। বিদ্যালয়ের পরিবেশ সুন্দর হয়েছে। দীর্ঘদিন শিক্ষক নিয়োগ বন্ধ ছিল। রাজ্যে ৪২ হাজার শূণ্যপদ পূরণ করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের বঞ্চনা সত্ত্বেও বাংলায় কোনও কিছু থেমে থাকেনি। সরকারের বিপুল অর্থ ব্যায় শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। শিক্ষকরাই পারেন একটা দেশকে এগিয়ে নিয়ে যেতে। মমতা বন্দ্যোপাধ্যায় আপনাদের জন্য ভাবেন কোনও দাবি বা আন্দোলন করতে হয় না। শিক্ষার অঙ্গনে ধর্মের রাজনীতি বরদাস্ত করবেন না। সর্ব ধর্ম সমন্বয়ই হচ্ছে প্রকৃতি শিক্ষা।

দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রাথমিক শিক্ষা সংসদের সভাপতি মন্ত্রীর সঙ্গে একই সুরে বলেন, মমতা বন্দ্যোপাধ্যায় শিক্ষাকে আজ বিশ্বের দরবারে এক নম্বরে নিয়ে গেছেন। কন্যাশ্রী, সবুজ সাথী, রূপশ্রী প্রকল্প আজ বাংলার ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়ক।

নির্মল বিদ্যালয় প্রকল্প শিক্ষার প্রাঙ্গণকে সুন্দর করেছে। কোনওভাবে এই পরিবেশকে কলুষিত করতে দেওয়া যাবে না। শিশুদের হাতে অস্ত্র নয়। বেশি করে বই তুলে দিন। বাংলার মনীষীদের নিয়ে বিদ্যালয়ে সুন্দর অনুষ্ঠান করুন। বাংলা আজ বিশ্বসেরা। আসুন আমরা সবাই মিলে বাংলার প্রতিটি মানুষকে প্রকৃত শিক্ষায় শিক্ষিত করে তুলি। আমাদের বাংলার নেত্রীই আগামীদিনে সারাদেশের পথ প্রদর্শক।

বর্জ্য পরিষ্কার করতে গিয়ে ট্যাঙ্কে আটকে মৃত ৬ শ্রমিক

নিজস্ব সংবাদদাতা, নৈহাটি : পেপার মিলের স্টিম ট্যাঙ্ক পরিষ্কার করতে গিয়ে মৃত্যু হল ছয় শ্রমিকের। বৃহস্পতিবার রাত ৮টা নাগাদ দুর্ঘটনাটি ঘটে নৈহাটির হজিগরে ইন্ডিয়ান পেপার পাল্পস কারখানায়। ট্যাঙ্কটি পরিষ্কার করতে গিয়ে আটকে পড়েন ছয় শ্রমিক। তাঁদের মধ্যে প্রথমে দু'জনকে উদ্ধার করে জওহরলাল নেহরু মেমোরিয়াল হাসপাতালে নিয়ে যাওয়া হলে মৃত বলে ঘোষণা করা হয়। শুক্রবার সকালে আরও চারজনের মৃতদেহ উদ্ধার হয়। মৃতদের নাম উদয় রাজ, মিঠুন প্রজাপতি, নাজিম, বিজয় বক্সি, রবিশঙ্কর, অশোক বড়াল।

প্রথমে জানা গিয়েছিল, কারখানার বয়লারে পড়ে গেছেন ওই ছয় শ্রমিক। পরে পুলিশের তরফে জানানো হয়, স্টিম ট্যাঙ্ক পরিষ্কার করতে গিয়ে এই দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে উদ্ধার কাজে তদারকি করতে আসেন ভাটপাড়ার বিধায়ক অর্জুন সিং। পরে নৈহাটির বিধায়ক পার্থ ভৌমিক ও বীজপুরের বিধায়ক শুভ্রাংশু রায় আসেন। অর্জুনবাবু বলেন, মালিকপক্ষের বিরুদ্ধে আইন অনুযায়ী কড়া ব্যবস্থা নেবে প্রশাসন।

দুর্ঘটনার পর যাতে অপ্রীতিকর কিছু না ঘটে তার জন্য এলাকায় প্রচুর পুলিশ মোতায়েন করা হয়েছে। পেপার কারাখানার বাইরে উদ্বিগ্ন শ্রমিক পরিবারের লোকজনকে সরিয়ে দেয় কমব্যাট ফোর্স ও পুলিশ। কারখানার ভিতরে পুলিশ কাউকেই ঢুকতে দেয়নি।

পুলিশের তরফে জানানো হয়েছে, দুর্ঘটনার জেরে কারখানার উৎপাদন অনিষ্টিকালের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে।

সভা/অনুষ্ঠান

রামকৃষ্ণ মঠ (বলরামমন্দির) আজ শনিবার আলোচনায় :-শ্রীমা মায়ের কথা। পাঠক: অধ্যাপক পূর্ণাত্মানন্দ মহারাজ। সময় : ৫টা। গায়ক: শ্যামনামসংকীর্তন সময়: ৬-৩০।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

		9						
	5	2	3		1			
8		1	2		6			
		4				1		
9	7			2		8	4	
	2				9			
			8		4	1		5
			6		5	2	4	
						8		

গতকালের সমাধান

2	1	3	9	8	5	6	4	7
5	8	9	6	7	4	2	1	3
6	4	7	2	1	3	8	5	9
9	2	8	7	5	1	3	6	4
3	6	1	4	2	9	5	7	8
7	5	4	8	3	6	1	9	2
8	7	5	1	9	2	4	3	6
4	3	2	5	6	7	9	8	1
1	9	6	3	4	8	7	2	5

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৩ ডিগ্রি ও ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৪ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।৩০, **সূর্যাস্ত:** ঘ ৫:০৫ **জোয়ার:** দুপুর : ১:২৫। **ভাটা:** সকাল : ৮:৪০।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	65.0441
INR / 1 Euro	:	80.6222
INR / 100 Jap. YEN	:	61.5400
INR /1 Pound Sterling	:	92.2846

শেয়ারসূচক

BSE 32,968.68 ▼ (-205.71)
NIFTY 10,113.70 ▼ (-70.45)

ভাগ্যলিপি

মেষ

আজ সব কাজেই সবুজ সংকেত রয়েছে। ব্যবসায়ীরা নতুন লেনদেনের চেষ্টা করুন।

বৃষ

মানসিকভাবে আজ প্রেরণা পাবেন। আজ এগিয়ে চলার চেষ্টা করুন।

মিথুন

আজ বড় সুযোগ পেতে পারেন। স্ত্রী কাছ থেকে সবরকম সহযোগীতা আশা করতে পারেন।

কর্কট

চ্যালেঞ্জের মোকাবিলা করুন। আজ সফল হওয়ার দিন।

সিংহ

যোগাযোগ ক্ষেত্রে কর্মীরা উপকৃত হবেন। নতুন কাজের সুযোগ পেতে পারেন।

কন্যা

আপনার বড় লক্ষ্যের পরিকল্পনা আজ সফল হতে পারে। এগিয়ে চলার চেষ্টা করুন।

তুলা

নতুন করে পরিকল্পনা গ্রহণ করতে পারেন। তাতে সাফল্য আসবে। তবে ঝুঁকি নেবেন না।

বৃশ্চিক

যে সমস্যা আপনার সামনে এসেছিল তার সমাধান আপনি খুঁজে পাবেন আজ।

ধনু

একটা কর্ম চঞ্চলদিন আজ। সুখবর মিলতে পারে। সহকর্মীর কাছ থেকে ভাল খবর পেতে পারেন।

মকর

আজকের দিনটা অত্যন্ত গুরুপূর্ণ আপনার পরিবারের কাছে।

কুম্ভ

পরিবারের সদস্যদের কাছ থেকে আপনি সম্পূর্ণ সহযোগীতা পাবেন।

মীন

দুপুরের পরে ভাল সংবাদ পেতে পারেন।

আসন্ন পঞ্চায়েত ভোট অবাধ হবে তো, সংশয় প্রকাশ অধীরের

নিজস্ব সংবাদদাতা, বহরমপুর : সাধারণ মানুষ আদৌ পঞ্চায়েত ভোটে অংশগ্রহণ করতে পারবে কি না তা নিয়ে আশঙ্কাপ্রকাশ করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী। শুক্রবার বহরমপুর জেলা কংগ্রেস কার্যালয়ে একটি বৈঠক করেন তিনি। বৃহস্পতিবার পঞ্চায়েত নির্বাচন নিয়ে সর্বদলীয় বৈঠক হয়। রাজ্য নির্বাচন কমিশনার অমরেন্দ্র সিংয়ের সঙ্গে ২ ঘণ্টার বৈঠকের পর কমিশনের ভূমিকা নিয়ে সংশয় প্রকাশ করেন বিরোধীরা। নির্বাচন প্রসঙ্গে শুক্রবার অধীরবাবু বলেন, 'নির্বাচন ঘোষণা করাটা বড় কথা নয়। পঞ্চায়েত নির্বাচনটা হবে কি না সেটাই বড় প্রশ্ন। বাংলার তৃণমূলের নেতা মন্ত্রী, সান্ত্রি, মস্তানরা বলেই দিয়েছে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিততে হবে। বিরোধীরা যদি মনোনয়নপত্র জমা দিতে চায় তাহলে তাদের তা করতে দেওয়া হবে না। আবার কেউ জিতে গেলে তাকে আগামীদিনে যে কোনওভাবে তৃণমূলে সামিল করা হবে। তাই আমরা অপেক্ষা করছি পশ্চিমবঙ্গে পঞ্চায়েত নির্বাচনের নামে একটা প্রহসন দেখার জন্য। আমরা আমাদের মতো লড়ব। যদি বাংলায় গণতান্ত্রিক বাতাবরণ থাকে তাহলে মানুষ সুষ্ঠু স্বাভাবিক ভোট দানের পরিবেশ পাবেন। আর তৃণমূল যদি মনে করে গণতান্ত্রিক পরিবেশ রাখতে দেব না তাহলে এই বাংলায় পঞ্চায়েত নির্বাচন আর একটা প্রহসন হবে।'

রাজ্য নির্বাচন কমিশনারকে কটাক্ষ করে তিনি বলেন, 'রাজ্য নির্বাচন কমিশনের অধীনে ভোট। সেখানে রাজ্য যদি না চায় তাহলে কেন্দ্রীয় বাহিনী আসতে পারে না। এর আগে মীরা পান্ডে বিশেষভাবে উদ্যোগী হয়েছিলেন। এমনকী কোর্ট পর্যন্ত গিয়েছিলেন। ফলে সামান্য কেন্দ্রীয় বাহিনী আমরা দেখতে পেয়েছিলাম। আর এবার সেই সম্ভাবনাও নেই। কারণ বর্তমান নির্বাচন কমিশনারের সেই মানসিকতা নেই। রাজ্য সরকারের বিরুদ্ধে কথা বলে কেন্দ্রীয় বাহিনী আনার কথা তিনি বললেন না।

পঞ্চায়েত নির্বাচনেও তার পুনরাবৃত্তি হবে বলে আমার ধারণা।'

গহলাপোতায় গুডফ্রাইডের ধর্মীয় উৎসব

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার শ্যামপুর থানার গহলাপোতার স্বেচ্ছাসেবী সংগঠন আইকডে গুডফ্রাইডের ধর্ম উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবে বর্ণাঢ্য শোভাযাত্রা ক্রশের পথ অনুসরণ করে পবিত্র বাইবেল থেকে অংশ বিশেষ বিস্তারিত আলোচনা করা হল। খ্রিস্টান ধর্ম মতে সংগীত, সকলের জন্য প্রার্থনা, ধর্মীয় উৎসবে নিয়ম মেনে পাধুয়ে ও মুছে দেওয়া নতুন বস্ত্র ও মিষ্টি বিতরণ করা হয়। শুক্রবারের ২০১৮ বছর পূর্বে প্রভু যিশুর স্মরণে গুডফ্রাইডের উৎসব অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন আইকডের প্রতিষ্ঠাতা ব্রাদার গেস্ট দয়ানন্দ, সম্পাদক মমতা গোপা ঘোষ, ব্রাদার মারকুশ টাগ্গো, যষ্টিন মণ্ডল প্রমুখ বিশিষ্ট জন অংশগ্রহণ করেন ও উপস্থিত ছিলেন। কয়েক শতাধিক আবাসিক ছাত্র ও ছাত্রী, সংস্থার কর্মকর্তারা, কর্মী, অন্যান্য আবাসিকরা অংশগ্রহণ করেন ও উপস্থিত ছিলেন। খ্রিস্টান ধর্ম মতে ভাগবন্তীর পরিবেশে শান্তিপূর্ণভাবে এই উৎসব অনুষ্ঠিত হয় ও যথাযথ ভাবে পালন করা হয়।

আদ্যাপীঠে জাতীয় আলোচনা সভা

নিজস্ব সংবাদদাতা : মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিজ এবং দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সঙ্ঘ আদ্যাপীঠের অন্তর্গত আদ্যাপীঠ অন্নদা বি.এড.কলেজ, আদ্যাপীঠ, মণিকুন্তলা প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, আড়িয়াদহ মণিকুন্তলা বালিকা বিদ্যালয় (উচ্চমাধ্যমিক), আদ্যাপীঠ অন্নদা পলিটেকনিক কলেজ (গভঃ স্পনসর) ইত্যাদি শিক্ষা প্রতিষ্ঠানগুলির যৌথ পরিচালনায় মঙ্গল ও বুধবার আদ্যাপীঠ অন্নদা বি.এড.কলেজে অনুষ্ঠিত হল একটি দ্বি-দিবসীয় জাতীয় কর্মশালা। ভারতীয় শিক্ষা ব্যবস্থায় পরম্পরা ও আধুনিকতার অবদান বিষয়ক এই কর্মশালা। ভারতবর্ষের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট অধ্যাপক ও অধ্যাপিকাগণ অংশগ্রহণ করেন।

প্রদীপ প্রজ্জ্বলন করে উক্ত কর্মশালার শুভ সূচনা করেন দক্ষিণেশ্বর রামকৃষ্ণ সঙ্ঘ আদ্যাপীঠের সাধারণ সম্পাদক ব্রহ্মচারী মুরারি ভাই মহারাজ মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অফ এশিয়ান স্টাডিজের অধিকর্তা অধ্যাপক প্রফেসর বিজয় কুমার শ্রীবাস্তব, চেয়ারম্যান অধ্যাপক সুজিত কুমার ঘোষ, কোলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি তপন মুখার্জী প্রমুখ ব্যক্তিবর্গ। দুইদিনের এই কর্মশালায় ভারতবর্ষের শিক্ষা ব্যবস্থা পরম্পরা ও আধুনিকতার বিভিন্ন বিষয়ের উপর বিশেষ আলোচনা করেন। ডিব্রুগড় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ডঃ দাইসি বোরা, অধ্যাপিকা ডঃ কল্পনা শর্মা, অধ্যাপিকা ডঃ তনুজা বোরা, মিজোরাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ডঃ লালদুহাউসি, গুয়াহাটির কৃষ্ণকান্ত হান্দিকি রাজ্য মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা ডঃ মূর্চ্ছনা কৌশিক, কলকাতার সত্যপ্রিয় রায় কলেজ অফ এডুকেশনের অধ্যাপক ডঃ কৌশিক চট্টোপাধ্যায়, শিলচর রাধামাধব কলেজের অধ্যাপক ডঃ অরুণাভ ভট্টাচার্য ও অন্যান্য বিশিষ্ট শিক্ষাবিদরা।

হাওড়াকে মুক্ত শৌচালয়হীন জেলা ঘোষণা

নিজস্বসংবাদদাতা, হাওড়া : আবার একটা পালক হাওড়া জেলার মুকুট শুক্রবার হাওড়ার শরৎ সদনে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে হাওড়া জেলাকে মুক্ত শৌচালয়হীন জেলা ঘোষণা করলেন হাওড়ার জেলা শাসক টৈতালি চক্রবর্তী। এদিনের অনুষ্ঠানে কার্যত হাওড়া জেলার প্রশাসনিক মহলের চাঁদের হাট বসেছিল। উপস্থিত ছিলেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়, হাওড়ার মেয়র রথীন চক্রবর্তী, হাওড়া সদর কেন্দ্রের সাংসদ প্রসূন বন্দ্যোপাধ্যায়, হাওড়া জেলা পরিষদের সভাধিপতি করবী মুল, বিধায়ক নির্মল মাজি, পুলক রায়, পঞ্চায়েত দফতরের সহকারী সচিব দিবেন্দু সরকার ও পঞ্চায়েত দফতরের বিভিন্ন আধিকারিকরা। এদিন মন্ত্রী সুব্রতমুখোপাধ্যায় বলেন, ২০১২ সালে হাওড়া জেলা নির্মল বাংলা মিশনের নির্মল জেলা ঘোষিত হয়েছে। এবার হাওড়া জেলা মুক্ত শৌচালয়হীন জেলা ঘোষিতহল এখানে মোট ২ লক্ষ ৬ হাজার ১৭২টি শৌচাগার নির্মাণ হয়েছে, রাজ্য সরকারের সহযোগিতায় এগুলি নির্মিত হয়েছে। নির্মল বাংলা মিশন অভিযানে এই শৌচাগার নির্মাণপ্রায় ১০০ শতাংশের মত। যেটা ৯৯.৩৮ শতাংশ। তবে পঞ্চায়েত মন্ত্রী বলেন, সেগুলি রক্ষা করার দায়িত্ব সকলের, মানুষকে আরও সচেতন হতে হবে। এই নির্মল বাংলা প্রযেক্ট খুব গুরুত্বপূর্ণ, এটা ঠিকভাবে পালন করতে হবে, নাকরলে সেটা খুব হতাশাজনক।

Change of Name

I, "LAKSHITA JAISWAL (New Name), d/o Kamlesh Kumar Jaiswal, previously called SWETA JAISWAL (OLD NAME), resident of 49, Southend Park, Golpark, Sarat Bose Road, Kolkata-700029, P.S. Lake, hereby solemnly declare that I will be known / pronounced as "LAKSHITA JAISWAL" (New Name) in all the Government / private documents with immediate effect vide notary public affidavit before CMM's Court at Bankshall Court, Kolkata on 28.03.2018.

শব্দলিপি- ১১৫৪